# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
## চট্টগ্রাম।
## শিক্ষক পদে নিয়োগ বিজ্ঞপ্তি

**বিজ্ঞপ্তি নম্বর: ০৭/২০২৫** **তারিখ: ২০/১১/২০২৫ খ্রিস্টাব্দ**

নিম্নে বর্ণিত বেতন স্কেলে এবং রীতি মোতাবেক দেয় অন্যান্য ভাতায় এ বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত পদে শিক্ষক নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্রম | বিভাগ/ইনস্টিটিউটের নাম | পদের নাম | পদের সংখ্যা ও ধরণ |
|---|---|---|---|
| ১. | ইনস্টিটিউট অব ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস | সহকারী অধ্যাপক (এনভায়রনমেন্টাল সায়েন্স বিষয়) | ০১ (এক) টি স্থায়ী; |
| ২. | ইনস্টিটিউট অব ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস | প্রভাষক (এনভায়রনমেন্টাল সায়েন্স বিষয়) | ০২ (দুই) টি স্থায়ী; |
| ৩. | ইনস্টিটিউট অব ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস | প্রভাষক (ফরেস্ট্রি বিষয়) | ০১ (এক) টি স্থায়ী; |
| ৪. | ইনস্টিটিউট অব ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস | প্রভাষক (ইঞ্জিনিয়ারিং বিষয়) | ০১ (এক) টি স্থায়ী; |
| ৫. | পদার্থবিদ্যা বিভাগ | প্রভাষক (Physics/Atmospheric Physics/ Astrophysics and Cosmology/Renewable Energy/ Electronics/Radiation and Health Physics বিষয়) | ০৩ (তিন) টি স্থায়ী; |
| ৬. | পদার্থবিদ্যা বিভাগ | প্রভাষক (সহকারী অধ্যাপক পদের বিপরীতে) (Physics/Atmospheric Physics/ Astrophysics and Cosmology/Renewable Energy/ Electronics/Radiation and Health Physics বিষয়) | ০১ (এক) টি অস্থায়ী; |
| ৭. | রসায়ন বিভাগ | প্রভাষক (ভৌত রসায়ন শাখা) | ০১ (এক) টি স্থায়ী; |
| ৮. | পরিসংখ্যান বিভাগ | প্রভাষক (সহকারী অধ্যাপক পদের বিপরীতে) | ০১ (এক) টি অস্থায়ী; |
| ৯. | পরিসংখ্যান বিভাগ | প্রভাষক | ০১ (এক) টি ছুটিজনিত অস্থায়ী; |
| ১০. | মনোবিজ্ঞান বিভাগ | প্রভাষক | ০২ (দুই) টি স্থায়ী; |
| ১১. | ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগ | প্রভাষক | ০১ (এক)টি ছুটিজনিত অস্থায়ী; |
| ১২. | ওশানোগ্রাফি বিভাগ | প্রভাষক (Geography/Geology/Sedimentology বিষয়) | ০১ (এক)টি স্থায়ী; |
| ১৩. | ওশানোগ্রাফি বিভাগ | প্রভাষক (Physics/Meterology/Atmospheric Science বিষয়) | ০১ (এক)টি স্থায়ী; |
| ১৪. | ওশানোগ্রাফি বিভাগ | প্রভাষক (Computer Programmer/Data Science/Numerical Modeling বিষয়) | ০১ (এক)টি স্থায়ী; |
| ১৫. | ওশানোগ্রাফি বিভাগ | প্রভাষক (Oceanagraphy/Hydrography বিষয়) (সহকারী অধ্যাপক পদের বিপরীতে) | ০২ (দুই)টি অস্থায়ী; |
| ১৬. | ইতিহাস বিভাগ | প্রভাষক | ০১ (এক) টি স্থায়ী; |
| ১৭. | ইতিহাস বিভাগ | প্রভাষক (সহকারী অধ্যাপক পদের বিপরীতে) | ০২ (দুই) টি অস্থায়ী; |
| ১৮. | দর্শন বিভাগ | প্রভাষক (সহকারী অধ্যাপক পদের বিপরীতে) | ০২ (দুই) টি অস্থায়ী; |
| ১৯. | নাট্যকলা বিভাগ | প্রভাষক | ০২ (দুই)টি ছুটিজনিত অস্থায়ী; |
| ২০. | ইংরেজি বিভাগ | প্রভাষক (সহকারী অধ্যাপক পদের বিপরীতে) | ০২ (দুই) টি অস্থায়ী। |

**বেতন স্কেল:**

১। সহকারী অধ্যাপক : জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেড;
২। প্রভাষক : জাতীয় বেতন স্কেলের ৯ম গ্রেড।

চলমান পাতা-২

২০/১১/২০২৫

**প্রয়োজনীয় ন্যূনতম যোগ্যতা:**

**১। সহকারী অধ্যাপক:**

**সম্পূর্ণ নতুনভাবে সহকারী অধ্যাপক পদে নিয়োগের জন্য প্রার্থীদের বেলায় প্রযোজ্য যোগ্যতা:**

ইনস্টিটিউট অব ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস-এ সহকারী অধ্যাপক পদে সম্পূর্ণ নতুনভাবে শিক্ষক নিয়োগের বেলায় শিক্ষাগত যোগ্যতা এ ইনস্টিটিউটে সম্পূর্ণ নতুনভাবে প্রভাষক পদে নিয়োগের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতার {নিম্নের ২ (খ) (১) এ বর্ণিত যোগ্যতার} অনুরূপ হবে। তাছাড়া ন্যূনতম ০৩ (তিন) বছরের সক্রিয় শিক্ষকতা/পেশাগত অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে, যার মধ্যে কোনো বিশ্ববিদ্যালয়ে প্রভাষক পদে ০১ (এক) বছর সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। প্রভাষক থাকাকালীন স্বীকৃত জার্নালে প্রকাশিত একটি গবেষণা প্রকাশনা থাকতে হবে।

এম. ফিল./এম.লিট. অথবা বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ২য় মাস্টার্স ডিগ্রি থাকলে সে ক্ষেত্রে প্রার্থীর কোনো বিশ্ববিদ্যালয়ে প্রভাষক পদে ০১ (এক) বছরসহ ন্যূনতম ০২ (দুই) বছর সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। প্রভাষক পদে থাকাকালীন স্বীকৃত জার্নালে প্রকাশিত ০১ (এক) টি গবেষণা প্রকাশনা থাকতে হবে।

পিএইচ.ডি./ডি.এস-সি./ডি.লিট./ডি.ইঞ্জি: ডিগ্রি থাকলে সে ক্ষেত্রে প্রার্থীর কোনো বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট বিভাগে প্রভাষক পদে ন্যূনতম ০১ (এক) বছর সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। প্রভাষক পদে থাকাকালীন স্বীকৃত জার্নালে অন্ততঃ প্রকাশিত ০১ (এক) টি গবেষণা প্রকাশনা থাকতে হবে।

প্রভাষক পদে ন্যূনতম অভিজ্ঞতা গণনার বেলায় দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়/বিদেশের বিশ্ববিদ্যালয়-এ পূর্ণকালীন শিক্ষকতার সম্পূর্ণ অভিজ্ঞতা এবং ইউ.জি.সি কর্তৃক স্বীকৃত দেশের প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে পূর্ণকালীন শিক্ষকতার ৪০% অভিজ্ঞতা (সর্বোচ্চ ০৩ বছর) গণনা করা হবে।

**২। প্রভাষক:**

(ক) এ বিশ্ববিদ্যালয়ে অস্থায়ী ভিত্তিতে নিয়োজিত প্রভাষকবৃন্দ স্ব-স্ব বিভাগ/ইনস্টিটিউটে প্রভাষক পদে স্থায়ী ভিত্তিতে নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষকগণ যে বিজ্ঞাপিত যোগ্যতায় অস্থায়ী ভিত্তিতে প্রভাষক পদে নিয়োগ লাভ করেছেন সে যোগ্যতাই প্রযোজ্য হবে।

(খ) **প্রভাষক পদে সম্পূর্ণ নতুনভাবে নিয়োগের জন্য প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য বিভাগ/ইনস্টিটিউট ভিত্তিক ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা নিম্নরূপ :**

(১) ইনস্টিটিউট অব ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস, পদার্থবিদ্যা, রসায়ন, পরিসংখ্যান, মনোবিজ্ঞান, ভূগোল ও পরিবেশবিদ্যা এবং ওশানোগ্রাফি বিভাগে প্রভাষক পদে সম্পূর্ণ নতুনভাবে নিয়োগের জন্য প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য ন্যূনতম যোগ্যতা:

পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষা জীবনের যে কোনো ০৩(তিন) টি স্তরে প্রথম বিভাগ/শ্রেণিসহ সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রি থাকতে হবে। যে স্তরে ১ম বিভাগ/শ্রেণি থাকবে না সে স্তরে ন্যূনতম ৫৫% মার্কস থাকতে হবে।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উভয়টিতে আলাদাভাবে ন্যূনতম জি.পি.এ. ৪.০০ থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে পুরনো গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ. একটিতে ৩.৭০ ও অন্যটিতে ৩.৬০ থাকতে হবে। বর্তমানে প্রচলিত অভিন্ন গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রি উভয়টিতে আলাদাভাবে ন্যূনতম জি.পি.এ./সি.জি.পি.এ. ৩.৬০ থাকতে হবে।

পদার্থবিদ্যা বিভাগের Electronics বিষয়ের পদের জন্য Applied Physics, Electronics & Communication Engineering/Electrical & Electronics Engineering বিষয় হতে উত্তীর্ণ এবং উক্ত ন্যূনতম যোগ্যতাধারী প্রার্থীগণও আবেদন করতে পারবেন।

ইনস্টিটিউট অব ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস এর প্রভাষক (ইঞ্জিনিয়ারিং বিষয়) পদের জন্য যে কোনো পাবলিক বিশ্ববিদ্যালয় হতে বি.এসসি. ইঞ্জিনিয়ারিং (সিভিল) ডিগ্রিসহ এম.এসসি. ইঞ্জিনিয়ারিং ইন এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং/সিভিল ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে।

বি.এসসি. (ইঞ্জিনিয়ারিং) ডিগ্রিধারীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে ইঞ্জিনিয়ারিং ডিগ্রিতে ন্যূনতম সি.জি.পি.এ ৩.৬৫ ও সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স ডিগ্রিতে ন্যূনতম জি.পি.এ. ৩.৬০ থাকতে হবে।

চলমান পাতা-৩

২৭/১১/২০২৫

**(২) ইতিহাস ও দর্শন বিভাগে প্রভাষক পদে সম্পূর্ণ নতুনভাবে নিয়োগের জন্য প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য ন্যূনতম যোগ্যতা:**

পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষা জীবনের যে কোনো ৩টি স্তরে ১ম বিভাগ/শ্রেণিসহ সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রি থাকতে হবে। যে স্তরে ১ম বিভাগ/শ্রেণি থাকবে না সে স্তরে ন্যূনতম ৫০% মার্কস থাকতে হবে।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উভয়টিতে আলাদাভাবে ন্যূনতম জি.পি.এ. ৩.৫০ থাকতে হবে। পুরনো গ্রেডিং পদ্ধতিতে উর্ত্তীণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রির উভয়টিতে আলাদাভাবে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ.৩.৫০ থাকতে হবে। বর্তমানে প্রচলিত অভিন্ন গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ. একটিতে ৩.৫০ ও অন্যটিতে ৩.৪০ থাকতে হবে।

**(৩) নাট্যকলা বিভাগে প্রভাষক পদে সম্পূর্ণ নতুনভাবে নিয়োগের জন্য প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য ন্যূনতম যোগ্যতা:**

পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পর্যায়ে ন্যূনতম ৫০% মার্কস থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রির উভয়টিতে প্রথম শ্রেণি থাকতে হবে।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উভয়টিতে আলাদাভাবে ন্যূনতম জি.পি.এ. ৩.৫০ থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে পুরনো গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ. একটিতে ৩.৫০ ও অন্যটিতে ৩.৩০ থাকতে হবে। বর্তমানে প্রচলিত অভিন্ন গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে ন্যূনতম জি.পি.এ./সি.জি.পি.এ. একটিতে ৩.৫০ ও অন্যটিতে ৩.২৫ থাকতে হবে।

**(৪) ইংরেজি বিভাগে প্রভাষক পদে সম্পূর্ণ নতুনভাবে নিয়োগের জন্য প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য ন্যূনতম যোগ্যতা:**

পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পর্যায়ে ন্যূনতম ৫০% মার্কস থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রির উভয়টিতে প্রথম শ্রেণি থাকতে হবে।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উভয়টির মোট জি.পি.এ. ন্যূনতম ৮.০০ থাকতে হবে; তবে কোনো পর্যায়ে ৩.৫০ এর কম নয়। সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে পুরনো ও নতুন উভয় পদ্ধতির ক্ষেত্রে একটিতে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ. ৩.৫০ ও অন্যটিতে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ. ৩.২৫ থাকতে হবে।

সকল বিভাগ/ইনস্টিটিউটে প্রভাষক পদে সম্পূর্ণ নতুনভাবে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে পি.এইচডি ডিগ্রিধারী প্রার্থীর বেলায় অনার্স বা মাস্টার্স ডিগ্রির যে কোনো একটি পর্যায়ে সি.জি.পি.এ./জি.পি.এ. ০.১০ এবং এম.ফিল/বিদেশী বিশ্ববিদ্যালয় থেকে ২য় মাস্টার্স ডিগ্রিধারী প্রার্থীর বেলায় অনার্স বা মাস্টার্স ডিগ্রির যে কোনো একটি পর্যায়ে সি.জি.পি.এ./জি.পি.এ. ০.০৫ শিথিলযোগ্য। পুরনো পদ্ধতিতে (বিভাগ/শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না।

<u>অযোগ্যতা:</u>

**বিজ্ঞাপিত ন্যূনতম যোগ্যতা থাকা সত্ত্বেও কেহ ছাত্রজীবনে শৃঙ্খলা ভঙ্গ, অসদাচরণ বা পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে দণ্ডিত/বহিষ্কৃত হয়ে থাকলে তিনি যে কোনো শিক্ষক পদের জন্য আবেদন করার ক্ষেত্রে অযোগ্য বলে গণ্য হবেন।**

ব্যক্তিগতভাবে যোগাযোগ করে রেজিস্ট্রার অফিস হতে অথবা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট https://cu.ac.bd./ noticeboard হতে Download করে উক্ত পদসমূহের জন্য প্রয়োজনীয় ন্যূনতম যোগ্যতা, শর্তাবলী ও বিস্তারিত তথ্যাদিসহ পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি এবং https://cu.ac.bd./forms.php হতে Download করে দরখাস্তের নির্ধারিত ফরম ও প্রকাশনার তালিকার প্রোফর্মা সংগ্রহ করা যাবে।

অগ্রণী ব্যাংক পিএলসি/জনতা ব্যাংক পিএলসি এর যে কোনো শাখা হতে রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর অনুকূলে অগ্রণী ব্যাংক পিএলসি/জনতা ব্যাংক পিএলসি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা-এর উপর প্রদেয় আবেদনপত্র ফি বাবদ ১,০০০ (এক হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (যেটি প্রযোজ্য) ও প্রার্থীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি দরখাস্তের মূলসেটের সাথে এবং মার্কশীট/একাডেমিক ট্রান্সক্রিপ্টসহ সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও জাতীয় পরিচয়পত্র/নাগরিকত্বের সনদপত্রের সত্যায়িত কপি, নিয়োগের জন্য প্রয়োজনীয় বই এর ক্ষেত্রে abstract ও article এর ক্ষেত্রে পূর্ণ article এর ফটোকপিসহ (accepted প্রকাশনার ক্ষেত্রে acceptance letter ও পাণ্ডুলিপিসহ) প্রকাশনার তালিকা আবেদনপত্রের প্রত্যেক সেটের সাথে সংযোজন করতে হবে।

চলমান পাতা-৪

২০/১১/২০২৫

নির্ধারিত ফরমে সহকারী অধ্যাপক ও প্রভাষক পদের জন্য ০৬ (ছয়) সেট আবেদনপত্র আগামী ৩০/১২/২০২৫ খ্রিস্টাব্দের মধ্যে অফিস চলাকালীন (সকাল ৮টা ৩০ মিনিট হতে বিকাল ৩টা ৩০ মিনিট পর্যন্ত) রেজিস্ট্রার অফিসে পৌঁছাতে হবে। দাখিলকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং অন্যান্য কাগজপত্র ফেরতযোগ্য নয়।

**কোনো বিভাগের একই ক্যাটাগরির/বিষয়ের একাধিক পদের বা বিভিন্ন ধরণের (স্থায়ী/অস্থায়ী/ছুটিজনিত অস্থায়ী) পদের জন্য একাধিক দরখাস্ত করার প্রয়োজন নেই।**

নির্ধারিত ফি ব্যতীত কিংবা উক্ত ব্যাংক ব্যতীত অন্য কোনো ব্যাংকের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ প্রাপ্ত আবেদনপত্র, বিজ্ঞাপিত যোগ্যতা অনুযায়ী প্রয়োজনীয় ডিগ্রির পরীক্ষায় ফলাফল অপ্রকাশিত (appeared) প্রার্থীর পেশকৃত আবেদনপত্র, নির্ধারিত শেষ তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র (ডাকযোগে/কুরিয়ার সার্ভিস ইত্যাদির মাধ্যমে প্রেরিত কোন আবেদনপত্র নির্ধারিত শেষ তারিখের মধ্যে পাওয়া না গেলে সে আবেদনপত্র) সরাসরি বাতিল বলে গণ্য হবে।

উক্ত পদসমূহে নিয়োগ পেলে সংশ্লিষ্ট শিক্ষককে এ বিশ্ববিদ্যালয়ে প্রথম যোগদানের পর পরবর্তী ০২ (দুই) বছর চাকরি করতে হবে এবং যোগদানের সময় এ মর্মে একটি অংগীকার প্রদান করতে হবে। উক্ত সময়ের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষকের অন্য কোনো চাকরির আবেদন অন্য কোনো প্রতিষ্ঠানে ফরোয়ার্ড করা হবে না।

চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। বিশেষ ক্ষেত্রে অতিরিক্ত পরিপূর্ণ এক সেট আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রক্রিয়া করে নির্ধারিত সংখ্যক আবেদনপত্রের সেট (ব্যাংক ড্রাফট ও সংশ্লিষ্ট সকল কাগজপত্রসহ) অগ্রিম কপি হিসেবে যথাসময়ে দাখিল করলে তা বিবেচনা করা যাবে। নির্বাচিত প্রার্থীগণের মাসিক মূল বেতন নির্ধারণের ক্ষেত্রে কোনো প্রতিষ্ঠানের এল.পি.সি. গ্রহণ করা হবে না।

20-11-25

**(প্রফেসর ড. মোহাম্মদ সাইফুল ইসলাম)**
**রেজিস্ট্রার** (ভারপ্রাপ্ত)
**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।**
**যোগাযোগ: ০২৩৩৪৪৬০৭৬৫-৭৪,৭৯-৯১ এক্স-৪২০১**

২০/১১/২০২৫